তারিখ ... 05 AUG 2015 ...
পৃষ্ঠা ... ১৫ ... কলাম ... ৫ ......

যুগান্তর

# কুমিল্লা সেন্ট্রাল মেডিকেল কলেজের শিক্ষার্থী বহিষ্কার : ক্লাস বর্জন

**কুমিল্লা ব্যুরো**

কুমিল্লা সেন্ট্রাল মেডিকেল কলেজে বিভিন্ন দাবি-দাওয়া নিয়ে আন্দোলনের জেরে ৬ শিক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এর প্রতিবাদে শিক্ষার্থীরা আন্দোলন চালিয়ে যাচ্ছে। শিক্ষার্থীরা কলেজ কর্তৃপক্ষের বিভিন্ন অনিয়ম ও অব্যবস্থাপনাসহ তাদের বিভিন্ন সমস্যার বিষয় নিয়ে সোমবার থেকে কলেজের প্রধান ফটকে তালা ঝুলিয়ে দিয়ে আন্দোলনে নামে। এরপর সন্ধ্যায় কলেজ কর্তৃপক্ষ আন্দোলনকারী ৬ শিক্ষার্থীকে বহিষ্কারের নোটিশ দেয়। দাবিপূরণ ও ৬ ছাত্রের বহিষ্কারাদেশ প্রত্যাহার করার জন্য মঙ্গলবারও ক্লাস-পরীক্ষা বর্জন করে শিক্ষার্থীরা আন্দোলন অব্যাহত রাখে।

জানা যায়, কলেজে কর্তৃপক্ষের বিভিন্ন অনিয়ম-অব্যবস্থাপনার বিষয়ে দাবি-দাওয়া নিয়ে সোমবার সকাল ৮টায় কলেজের প্রধান ফটকে তালা ঝুলিয়ে দিয়ে আন্দোলনে নামে শিক্ষার্থীরা এবং তারা মুখে কালো কাপড় বেঁধে মানববন্ধন কর্মসূচি পালন করে। এসময় কলেজ কর্তৃপক্ষ শিক্ষার্থীদের কর্মসূচি পালনে বাধা দিলে মঙ্গলবারও তারা আন্দোলন চালিয়ে যাবে বলে ঘোষণা দেয়। এদিকে ওই ঘোষণার পর সোমবার সন্ধ্যায় আন্দোলনকারী ৬ শিক্ষার্থীকে বহিষ্কারের নোটিশ দেয়া হয়। এদের মধ্যে ৪র্থ বর্ষের ছাত্র কামরুল ইসলামকে ১ বছরের জন্য এবং ৫ম বর্ষের আহমেদ রুবায়েত, ৪র্থ বর্ষের জুবায়ের আহমেদ ও মাসুদুর রহমান, ৩য় বর্ষের শাহীন উদ্দিন ও আশরাফ হাসানসহ ৫ জনকে ৬ মাসের জন্য বহিষ্কার করা হয়। বহিষ্কারের ভয়ে নাম প্রকাশ না করার শর্তে আন্দোলনকারী শিক্ষার্থীরা জানান, ৬ ছাত্রের বহিষ্কার আদেশ প্রত্যাহার এবং তাদের দাবিপূরণ না করা পর্যন্ত তারা আন্দোলন কর্মসূচি চালিয়ে যাবেন।